

# হিসাববিজ্ঞান

## ভুল ও ভুলের শ্রেণিবিভাগ :

ভুল : কোনো হিসাব বা লেনদেন লিপিবদ্ধ করার সময় হিসাবরক্ষকের অসাবধানতায় বা অনুচ্ছিন্নতায় যদি বাদ পড়ে যায় তাকে মূলত ভুল বলে।

### ● ভুল ২ ধরনের হয়ে থাকে । যথা :

#### ১. একতরফা ভুল : একতরফা ভুল বলতে একপক্ষের ভুলকে বোঝায়।

যেমন : বেতন প্রদান ৫০০০ টাকা, কিন্তু বেতন হিসাবে ডেবিট করা হয়েছে ৫০০ টাকা।

এই ভুলটি একতরফা ভুল। আপনি বেতন প্রদান করেছেন এখানে বেতন হিসাব-ডেবিট (৫০০০) টাকা, নগদান হিসাব-ক্রেডিট (৫০০০) টাকা হওয়ার কথা ছিল। কিন্তু আপনি বেতন হিসাব-ডেবিট (৫০০) টাকা, নগদান হিসাব-ক্রেডিট (৫০০০) টাকা করেছেন।

এখানে স্পষ্টত, শুধুমাত্র ডেবিট পাশে ভুল হয়েছে, সেক্ষেত্রে আপনি ডেবিট পাশে বেতন (৫০০০-৫০০) = ৪৫০০ টাকা লিপিবদ্ধ করলেই হয়ে যাবে।

[ নোট : কোনো হিসাবে টাকা কম বা বেশি লেখা মূলত একতরফা ভুল হয়ে থাকে। ]

#### ২. দু'তরফা ভুল : দু'তরফা ভুল বলতে দুইপক্ষের ভুলকে বোঝায়।

যেমন : আসবাবপত্র ক্রয় ১৫০০০ টাকা, কিন্তু ক্রয় হিসাবে ডেবিট করা হয়েছে ১৫০০০ টাকা।

এই ভুলটি দু'তরফা ভুল। আপনি আসবাবপত্র ক্রয় করেছেন এখানে আসবাবপত্র হিসাব-ডেবিট (১৫০০০) টাকা, নগদান হিসাব-ক্রেডিট (১৫০০০) টাকা হওয়ার কথা ছিল। কিন্তু আপনি ক্রয় হিসাব-ডেবিট (১৫০০০) টাকা, নগদান হিসাব-ক্রেডিট (১৫০০০) টাকা করেছেন।

এখানে ক্রয় হিসাব আসার কথা না কিন্তু আপনি আসবাবপত্র হিসাব কে বাদ দিয়ে ক্রয় হিসাবকে ডেবিট করেছেন। অতএব এটি দু'তরফা ভুল।

এখানে স্পষ্টত, আসবাবপত্র হিসাব-ডেবিট (১৫০০০) টাকা, ক্রয় হিসাব-ক্রেডিট (১৫০০০) টাকা করতে হবে।

➤ তিনটি গুরুত্বপূর্ণ তথ্য : কোনো ভুল সংশোধন করার জন্য আপনাকে মনে মনে তিনটি প্রশ্ন করতে হবে ।

১. আমাকে কি করতে হবে ?
২. আমি কি করেছি ?
৩. আমাকে এখন কি করতে হবে ?



বিস্তারিত : <https://www.onlineedubd.com/>